



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

### জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

২৬ জুন ২০১৭ খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ ময়দান সহ নগরীর ১৬৯টি স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় নগরীর জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ মাঠ সহ নগরীর ১৬৯টি স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, মন্ত্রী, সাবেক মন্ত্রী, সাবেক মেয়র, আওয়ামীলীগ, বিএনপি সহ বিভিন্ন রাজনৈতিক দল, সুশীল সমাজ, বিভিন্ন শ্রেণি ও পেশার বিশিষ্ট জন জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ মাঠের প্রথম ও প্রধান জামাতে শরীক হন। ২৬ জুন ২০১৭ খ্রি. সোমবার, অনুষ্ঠিত পবিত্র ঈদুল ফিতরে জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ মাঠের প্রথম ও প্রধান জামাতে ইমামতি করেন জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ' র খতিব হযরতুল আল্লামা আলহাজ্ব সৈয়দ আবু তালেব মোহাম্মদ আলাউদ্দীন আলকাদেরী। সকাল ৮ টায় অনুষ্ঠিত এ জামাতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আলহাজ্ব নূরুল ইসলাম বিএসসি, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, সাবেক মন্ত্রী আবদুল্লাহ আল নোমান, সাবেক প্রতিমন্ত্রী জাফরুল ইসলাম চৌধুরী, সাবেক মেয়র আলহাজ্ব এ বি এম মহিউদ্দিন চৌধুরী, সাবেক মেয়র মীর মোহাম্মদ নাছির উদ্দিন, সাবেক মেয়র মাহমুদুল ইসলাম চৌধুরী, বাংলাদেশ আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক চৌধুরী মহিবুল হাসান নওফেল, চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামীলীগের সভাপতি মোসলেম উদ্দিন আহমদ, বিএনপি চট্টগ্রাম মহানগর সভাপতি ডা. শাহাদাত হোসেন, জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য সোলায়মান আলম শেঠ, প্যানেল মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও উর্ধ্বতন কর্মকর্তা সহ সরকারের বিভিন্ন স্তরের কর্মকর্তা, রাজনৈতিক দলের শীর্ষ স্থানীয় নেতৃবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি ও পেশার নাগরিকগণ ঈদ জামাতে উপস্থিত ছিলেন। জামাত শেষে অনুষ্ঠিত মোনাজাতে প্রবল বর্ষনে পাহাড় ধস, টর্গেডো ও

মোরার কারণে নিহতদের আত্মার মাগফেরাত, দেশ ও জাতির কল্যাণ, মুসলিম উল্মার শান্তি এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন সহ সকলের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করা হয়। এ ছাড়াও একই স্থানে দ্বিতীয় ঈদ জামাত সকাল ৯ টায় অনুষ্ঠিত হয়। এতে ইমামতি করেন জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ' র ইমাম মাওলানা নূর মোহাম্মদ সিদ্দিকী। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় বাকলিয়া স্টেডিয়াম, আরেফিন নগর, লালদিঘী জামে মসজিদ সহ ১৬৯ টি স্থানে ঈদ জামাত অনুষ্ঠিত হয়। নগরীর ৪১টি ওয়ার্ডে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণ ঈদ জামাতে শরীক হন। এ দিকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন জাতীয় মসজিদ জমিয়তুল ফালাহ মাঠে ঈদ জামাত শেষে কদম মোবারক এতিমখানা ও মসজিদ সংলগ্ন কবরস্থানে এসে পিতা ও আত্মীয়-স্বজনের কবর জেয়ারত শেষে মায়ের দোয়া নিয়ে নগরীর বিভিন্ন শ্রেণি ও পেশার নাগরিকদের সাথে ঈদের শুভেচ্ছা ও কুশল বিনিময় করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা